



পত্র নং-৫৮.০৪.০০০০.০৩১.০৯.০০২.১৯-২৫৬ (১০০)

তারিখ : ১২ কার্তিক ১৪২৮  
২৮ অক্টোবর ২০২১

বিষয় : ভ্রমণ ব্যয় বিলের অনুমোদন প্রদান করার লক্ষ্যে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

বরাত : কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০৩১.০৯.০০২.১৯-২৩৮(৯৩) তারিখ: ২১/৫/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও বরাতের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনেক সময় বিভাগীয় দপ্তর হতে ভ্রমণ ব্যয় বিল যথাযথভাবে পূরণ এবং প্রাসঙ্গিক কাগজপত্র ব্যতিত কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়। ফলে উহা অনুমোদনের ক্ষেত্রে বিভিন্ন জটিলতার সৃষ্টি হয় এবং কালক্ষেপন ঘটে। ভ্রমণ ব্যয় বিল টি.আর ফরম নং ১৪ (গেজেটেড সরকারি কর্মকর্তা) এর নির্ধারিত ছক মোতাবেক টি.এ/ডি.এ দাবি করার নিয়ম রয়েছে। দাবিকৃত ভ্রমণ ব্যয় বিল অনুমোদনে কালক্ষেপন পরিহার করার লক্ষ্যে এখন থেকে এতৎসংক্রান্ত প্রস্তাব প্রেরণকালে নিম্নোক্ত বিষয়াবলি অনুসরণ করার জন্য বলা হলো:-

- ১। নির্ধারিত ছক যথাযথভাবে পূরণ করে টি.এ/ডি.এ বিল দাখিল করতে হবে।
- ২। ভ্রমণের টিকেট সংযুক্ত করতে হবে;
- ৩। ভ্রমণ ব্যয় বিলের সঙ্গে আগমন এবং প্রস্থানের স্বপক্ষে যথাযথ প্রমাণক সংযুক্ত করতে হবে;
- ৪। সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্রমণ ব্যয় বিল ও ভাতা দাবি করতে হবে।
- ৫। দৈনিক ভাতা দাবিকৃত দিনের সংখ্যা যথাযথ কলামে লিপিবদ্ধ করতে হবে;
- ৬। দৈনিক ভাতা দাবিকৃত দিনের মোট সংখ্যা সর্বশেষে লিপিবদ্ধ করতে হবে;
- ৭। দৈনিক ভাতা তারিখের ক্রমানুযায়ী দাবি করতে হবে;
- ৮। সড়কে ভ্রমণের দূরত্ব অনুযায়ী ভাড়া দাবি করতে হবে;
- ৯। ভ্রমণ বা যাত্রা বিরতির উদ্দেশ্য যথাযথ কলামে লিখতে হবে;
- ১০। ভ্রমণ ও যাত্রা বিরতিসমূহের বিবরণের তারিখ পর্যায়ক্রমে লিপিবদ্ধ করতে হবে;
- ১১। প্রত্যয়নপত্র যথাযথভাবে লিখতে হবে; এবং
- ১২। বদলি ব্যয় বিলে ব্যক্তিগত মালামালের ক্ষেত্রে সঠিক কিলোমিটার উল্লেখ করতে হবে।

মোঃ আশরাফ হোসেন

কর্নেল

অতিরিক্ত কারা মহাপরিদর্শক

পক্ষে- কারা মহাপরিদর্শক

☎-৫৭৩০০২২২ (দপ্তর)

addl.ig@prison.gov.bd

বিতরণ :

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
- ৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
- ৪। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা(কারা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য);
- ৬। কারা মহা পরিদর্শক/অতি: কারা মহা পরিদর্শক/কারা উপ-মহা পরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা; এবং
- ৭। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।